# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 16 April, 2025

রাজধানীর হাতিরঝিল এলাকায় সৎ মেয়েকে ধর্ষণের মামলায় বাবা আনোয়ার হোসেনের যাবজ্জীবন কারাদণ্ডের রায় দিয়েছেন ট্রাইব্যুনাল।

আজ বুধবার ঢাকার সাত নম্বর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক সাবেরা সুলতানা খানম এ রায় ঘোষণা করেন।

রায়ে দণ্ডের পাশাপাশি আসামির ২০ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে তাকে আরও তিন মাসের কারাদণ্ডের আদেশ দিয়েছেন ট্রাইব্যুনাল।

রায় ঘোষণার আগে আসামি আনোয়ার হোসেনকে কারাগার থেকে ট্রাইব্যুনালে হাজির করা হয়। রায় শেষে সাজা পরোয়ানা দিয়ে তাকে কারাগারে নিয়ে যাওয়া হয়।

দণ্ডিত আনোয়ার হোসেন নোয়াখালীর চাটখিল থানার পূর্ব শোনাখালী শোন উদ্দিন বেপারী বাড়ির মৃত হোসেনের ছেলে।

মামলার অভিযোগ থেকে জানা যায়, ভিকটিমের মাকে তালাক দেন তার বাবা।এরপর ২০১৫ সালে দ্বিতীয় বিয়ে করেন আনোয়ার হোসেনকে। দুই সন্তানকে নিয়ে গ্রামের বাড়ি মাদারীপুরে বাবার বাড়িতে থাকতেন ভিকটিমের মা।আনোয়ার হোসেন একা সংসার চালাতে পারছিলেন না। ভিকটিমের মা ঢাকায় এসে গৃহকর্মীর কাজ শুরু করেন।তার দ্বিতীয় সংসারে ছেলের জন্ম হয়।তাকে দেখাশোনার কেউ ছিল না।

আনোয়ার হোসেনের সঙ্গে আলাপ করে ভিকটিমকে ঢাকায় নিয়ে আসেন তার মা। হঠাৎ ভিকটিমের মাকে আনোয়ার হোসেন জানিয়ে দেন সংসারের খরচ দিতে পারবেন না।সন্তানদের কথা চিন্তা করে আনোয়ার হোসেনকে ২০২২ সালে ১৬ সেপ্টেম্বর তালাক দেন ভিকটিমের মা।৪ আগস্ট বাসায় এসে আনোয়ার হোসেন ভয় দেখিয়ে তার মেয়েকে ধর্ষণ করেন।যা ভিকটিম তার মাকে জানায়।

এ ঘটনায় ভিকটিমের মা ২০ সেপ্টেম্বর আনোয়ার হোসেনের বিরুদ্ধে হাতিরঝিল থানায় ধর্ষণের অভিযোগে মামলা করেন।

মামলাটি তদন্ত করে ২০২৩ সালের ১ এপ্রিল হাতিরঝিল থানার সাব-ইন্সপেক্টর মিজানুর রহমান আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

২০২৩ সালের ২০ আগস্ট আনোয়ার হোসেনের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরু হয়। মামলার বিচার চলাকালে আদালত ছয়জনের সাক্ষ্য গ্রহণ করেন।

রাজধানী ধর্ষণ যাবজ্জীবন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:42

URL: https://www.timestodaybd.com/across-the-country/775807897